## ★ পাঠ-১, ২, ৩ ও ৪: কেন প্রাত্যহিক জীবনে নিজের কাজ নিজে করব? | Text পৃষ্ঠা-৩৭-৪১

**১. কাজ করার মধ্যে কী বিদ্যমান?** (জ্ঞান)
(ক) আনন্দ (খ) বেদনা
(গ) দুঃখ (ঘ) সহমর্মিতা **ক**

**২. কারা নিজেদের কাজ নিজেরাই করতেন?** (জ্ঞান)
(ক) ছাত্ররা (খ) সমাজের লোকেরা
(গ) কাজের লোকেরা (ঘ) বিখ্যাত ব্যক্তিরা **ঘ**

**৩. কোন কাজটি সরাসরি অনুশীলনমূলক কাজ?** (অনুধাবন) (অনুশীলনী-১)
(ক) আত্মনির্ভরশীল হওয়ার গল্প পড়া
(খ) নিজের কাজ নিজে করা
(গ) অন্যকে দিয়ে কাজ করানো
(ঘ) সৃজনশীল কাজ দেখা **খ**

**৪. নিজের কাজ অন্যে করলে কী হবে?** (অনুধাবন) ★ *[শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; নরসিংদী গভ. গার্লস হাই স্কুল; বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ পাব স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
(ক) কাজের গুরুত্ব বেড়ে যাবে
(খ) কাজের গুরুত্ব কমে যাবে
(গ) নিজের সম্মান বাড়বে
(ঘ) অন্যেরা ভালো বলবে **খ**

**৫. কাজ করলে কী ভালো থাকে?** (জ্ঞান)
(ক) শরীর ও মন (খ) হাত ও পা
(গ) হৃৎপিণ্ড (ঘ) মস্তিষ্ক **ক**

**৬. প্রাত্যহিক জীবনে নিজের কাজটি নিজে করলে কী হবে?** (অনুধাবন)
(ক) কাজের প্রতি শ্রদ্ধাবোধ বাড়বে
(খ) কাজের প্রতি শ্রদ্ধাবোধ কমবে
(গ) কাজের প্রতি আগ্রহ কমবে
(ঘ) কাজের প্রতি অনাগ্রহ সৃষ্টি হবে **ক**

**৭. কাজের প্রতি ভালোলাগা তৈরি হয় কখন?** (অনুধাবন)
(ক) নিজের কাজ নিজে করলে
(খ) নিজের কাজ অন্যকে দিয়ে করালে
(গ) নিজের কাজ প্রতিবেশি করে দিলে
(ঘ) নিজের কাজ নিজে না করলে **ক**

**৮. নিজের কাজ নিজে করলে কোনটি বৃদ্ধি পাবে?** ★ (অনুধাবন) *[রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল; শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*
(ক) কাজ করার দক্ষতা
(খ) কাজ করার হীনম্মন্যতা
(গ) কাজের প্রতি অনীহা
(ঘ) পরনির্ভরশীলতা **ক**

**৯. কাজ করলে মনের অবস্থা কিরূপ হয়?** (অনুধাবন)
(ক) খারাপ থাকে (খ) প্রফুল্ল থাকে
(গ) অপ্রফুল্ল থাকে (ঘ) বিরূপ থাকে **খ**

**১০. যেকোনো কাজ করার ক্ষেত্রে কোনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ?** (অনুধাবন)
(ক) নেতৃত্ব দেওয়ার ক্ষমতা
(খ) সহনশীলতা ও ধৈর্য
(গ) সৃজনশীলতা (ঘ) কর্মতৎপরতা **খ**

**১১. সৃজনশীলতার বিকাশ ঘটে কি কারণে?** (জ্ঞান)
(ক) কাজ করলে (খ) ঘুমালে
(গ) দৌড়ালে (ঘ) বিশ্রাম নিলে **ক**

**১২. বৈজ্ঞানিক ও সহজ উপায়ে কাজ করা সম্ভব কোন সময়?** (অনুধাবন)
(ক) সকালে (খ) বিকালে
(গ) কাজে দক্ষতা অর্জনের মাধ্যমে
(ঘ) শরীরের শক্তি বাড়িয়ে **গ**

**১৩. কাজে সফল হওয়ার জন্য কোনটি হওয়া জরুরি?** ★ (জ্ঞান) *[শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*
(ক) সহনশীল (খ) সাহসী
(গ) কর্মঠ (ঘ) কর্মতৎপর **ক**

**১৪. মানুষ সৃজনশীলতার শিক্ষা পায় কখন?** (অনুধাবন)
(ক) বড় হলে
(খ) কাজের প্রাপ্তির মাধ্যমে
(গ) কাজের দক্ষতার মাধ্যমে
(ঘ) কাজ না করলে **খ**

**১৫. কিভাবে সহনশীলতার শক্তি অর্জন করা সম্ভব?** (অনুধাবন)
(ক) অন্যের দোষ বের করে
(খ) কাজের প্রতি আগ্রহ দেখিয়ে
(গ) নিজের কাজ নিজে করার মাধ্যমে
(ঘ) যেকোনো কাজে সদা তৎপর থেকে **গ**

**১৬. ব্যক্তিত্বের পরিচয় পাওয়া যায় কিসের মাধ্যমে?** (অনুধাবন)
(ক) অর্থের মাধ্যমে
(খ) শারীরিক গঠনের মাধ্যমে
(গ) সম্মানের মাধ্যমে
(ঘ) কাজ করার মাধ্যমে **ঘ**

**১৭. রুচিবোধের পরিচয় পাওয়া যায় কিসের মাধ্যমে?** (অনুধাবন)
(ক) দেহের মাধ্যমে (খ) সম্মানের মাধ্যমে
(গ) অভিজ্ঞতার মাধ্যমে (ঘ) কাজের মাধ্যমে **ঘ**

**১৮. তুমি যদি সবসময় নিজের কাজ নিজে কর তাহলে কাজের প্রতি তোমার কোনটি জন্মাবে?** ★ (উচ্চতর দক্ষতা) *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ পাব স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
(ক) সাহস (খ) আগ্রহ
(গ) অনীহা (ঘ) ভীতি **খ**

**১৯. কাজ করার মাধ্যমে মানুষের কোনটি দূর হয়?** ★ (জ্ঞান) *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ পাব স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
(ক) কাজের প্রতি আগ্রহ (খ) কর্মস্পৃহা
(গ) ভয় (ঘ) অলসতা **ঘ**

**২০. 'অলসতা' কী?** (জ্ঞান)
(ক) এক ধরনের রোগ (খ) কাজে প্রতি ভয়
(গ) হীনম্মন্যতা (ঘ) ব্যক্তিসত্তা **ক**

**২১. মানুষকে নিষ্ক্রিয় করে ফেলে কোনটি?** (অনুধাবন)
(ক) দক্ষতা (খ) অভিজ্ঞতা
(গ) অলসতা (ঘ) কর্মস্পৃহা **গ**

**২২. মানুষের ওপর আলস্য ভর করার কারণ কী?** (অনুধাবন)
(ক) আত্মবিশ্বাস না পাওয়া (খ) কাজ না করা
(গ) কাজে অভিজ্ঞতা (ঘ) কাজের প্রতি অনীহা **খ**

http://teachingbd.com

২৩. লজ্জা ও হীনমন্যতা দূর হয় কিসের মাধ্যমে? (জ্ঞান)
ক) কাজ করার মাধ্যমে খ) ঘুমানোর মাধ্যমে
গ) ভ্রমণের মাধ্যমে ঘ) অভিজ্ঞতার মাধ্যমে **ক**

২৪. নিজের কাজ নিজে করলে কোনটি বৃদ্ধি পায়? (জ্ঞান)
ক) আত্মবিশ্বাস খ) সৃজনশীলতা
গ) ব্যক্তিসত্তা ঘ) মননশীলতা **ক**

২৫. কাজ করলে মানুষের মর্যাদা যায় না বরং নিজের কাজ নিজে করাতে কী আছে? ★ (উচ্চতর দক্ষতা) *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ পাব স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
ক) অহংকার খ) লজ্জা
গ) গৌরব ঘ) অসম্মান **গ**

২৬. নিজের কাজ নিজে করার ক্ষেত্রে কর্তব্য পালনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে— ★ (উচ্চতর দক্ষতা) *[রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল]*
i. পরিবার ii. সমাজ
iii. রাষ্ট্র
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

২৭. রাজু নিজের কাজ নিজে করে। এতে — (উচ্চতর দক্ষতা)
i. কাজ গুছিয়ে করা যায়
ii. সময় বাঁচে
iii. অর্থের সাশ্রয় হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

২৮. তুমি যদি নিজের কাজ নিজে কর তাহলে তোমার — (অনুধাবন)
i. সারাদিন ভালো যায়
ii. শরীর ভালো থাকে
iii. মন ভালো থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **খ**

২৯. প্রাত্যহিক জীবনে নিজের কাজ নিজে করলে — (অনুধাবন)
i. কাজের প্রতি শ্রদ্ধাবোধ বেড়ে যাবে
ii. কাজের আগ্রহ বেড়ে যাবে
iii. কাজের প্রতি ভালোবাসা তৈরি হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

৩০. যেকোনো কাজ করার অভিজ্ঞতা থাকলে — ★ (অনুধাবন) *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ পাব স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
i. কোনো অসুবিধা হয় না
ii. যেকোনো সমস্যা সমাধান করা যায়
iii. পরিবারের প্রয়োজনীয় মুহূর্তে সাহায্য করা যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

৩১. কাজ করার মাধ্যমে — (অনুধাবন)
i. শরীরের মাংসপেশিগুলোর সঞ্চালন হয়
ii. শরীরের ব্যায়াম হয়
iii. শরীর ও মন দুটোই ভালো থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

৩২. কাজ করার স্পৃহা তৈরি হলে — (অনুধাবন)
i. সৃজনশীলতার বিকাশ ঘটবে
ii. উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটবে
iii. সময় বাঁচিয়ে কম পরিশ্রমে কাজ করা যাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

৩৩. মানুষ কম পরিশ্রমে, কম সময়ে কাজ করতে পারে— (প্রয়োগ)
i. বৈজ্ঞানিক উপায়ে করলে
ii. নিত্য নতুন পদ্ধতির প্রয়োগে
iii. উদ্ভাবনী শক্তির বিকাশ করলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

৩৪. অলসতার মাধ্যমে—(উচ্চতর দক্ষতা) *[সকল বোর্ড-২০১৫]*
i. মানুষ কর্মহীন হয়ে পড়ে
ii. মনোবল নিঃশেষ হয়ে যায়
iii. কর্মতৎপরতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ক**

৩৫. কাজ করার ক্ষেত্রে মেজাজ বিগড়ে যায় — ★ (অনুধাবন) *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ পাব স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
i. সময়মতো কাজ শেষ করতে না পারলে
ii. কাজের ফলাফল নিজের অনুকূলে না থাকলে
iii. কাজে ভুল হলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

৩৬. কাজের প্রতি যা থাকলে মানুষ কাজ দ্রুত সম্পাদন করতে পারে— (অনুধাবন)
i. শ্রদ্ধাবোধ ii. দক্ষতা
iii. সহনশীলতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

৩৭. মানুষ সহনশীলতার শিক্ষা পায় — (অনুধাবন)
i. কাজের প্রাপ্তির মাধ্যমে
ii. নিজের কাজ নিজে করার মাধ্যমে
iii. কাজের অভ্যাস, বারবার চেষ্টা করার মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

http://teachingbd.com

৩৮. প্রত্যেক ব্যক্তির নিজস্ব — (অনুধাবন) *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ পাব স্কুল এন্ড কলেজ, ঢাকা; শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*

i. ব্যক্তিত্ব আছে ii. মনোবৃত্তি আছে
iii. কাজ করার যোগ্যতা আছে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ক**

৩৯. বয়স বাড়ার সাথে সাথে মানুষের — (অনুধাবন)

i. ব্যক্তিসত্তা ও মনন পরিবর্তিত হয়
ii. রুচিবোধের পরিচয় পাওয়া যায়
iii. ব্যক্তিসত্তা ও মনন পরিশীলিত হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **গ**

৪০. মানুষের কাজের মাধ্যমে — (অনুধাবন)

i. ব্যক্তিত্বের পরিচয় পাওয়া যায়
ii. মননশীলতার পরিচয় পাওয়া যায়
iii. রুচিবোধের পরিচয় পাওয়া যায়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৪১. কাজের প্রতি প্রবল আগ্রহ থাকলে — (অনুধাবন)

i. কাজের প্রতি শ্রদ্ধাবোধ তৈরি হয়
ii. যেকোনো কাজে দ্রুত যুক্ত হয়ে যাওয়া যায়
iii. কর্মঠ ও কর্ম তৎপর হওয়া যায়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৪২. আসিফ সবসময় নিজের কাজ অন্যকে দিয়ে করায়। এর ফলে তার যে ধরনের অসুবিধা হবে— (উচ্চতর দক্ষতা) *[রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল]*

i. আত্মবিশ্বাস কমে যাবে
ii. অন্যের কাজ পছন্দ হবে
iii. আর্থিক ক্ষতির সম্মুখীন হবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

৪৩. কাজ করার মাধ্যমে কাজের প্রতি মানুষের — (অনুধাবন) *[কুষ্টিয়া জিলা স্কুল]*

i. লজ্জা বৃদ্ধি পায়
ii. ভয় হ্রাস পায়
iii. হীনমন্যতা দূর হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **খ**

**উদ্দীপকটি পড়ে ৪৪ ও ৪৫ নং প্রশ্নের উত্তর দাও:**

অনি ছোটবেলা থেকেই তার ব্যক্তিগত ও প্রাত্যহিক সকল কাজ নিজে করতে পছন্দ করে। মা-বাবা বা অন্য কেউ তাকে সহায়তা করতে এগিয়ে এলেও সে নিজের কাজ নিজে করতেই স্বাচ্ছন্দ্যবোধ করে বলে জানায়। (অনুশীলনী-৪ ও ৫)

৪৪. অনির এ বৈশিষ্ট্যটি কোন দক্ষতাকে নির্দেশ করে? (অনুধাবন)

ক সমস্যা সমাধান খ সহযোগিতামূলক
গ আত্ম-নির্ভরশীলতা ঘ যোগাযোগ **গ**

৪৫. অনির এ বৈশিষ্ট্যটি তাকে ভবিষ্যতে — (উচ্চতর দক্ষতা)

i. আত্মসচেতন করে গড়ে তুলবে
ii. কর্তব্য ও দায়িত্ববোধে উদ্বুদ্ধ করবে
iii. সৃজনশীল ও উদ্ভাবনী শক্তিসম্পন্ন করবে

নিচের কোনটি সঠিক?

ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৬ ও ৪৭ নং প্রশ্নের উত্তর দাও।**

রহিম গতকাল ক্লাসে পরীক্ষা দিতে গেলে সবাই তাকে নিয়ে হাসাহাসি করে। কারণ তার পোশাক অনেক ময়লা। পরে পরীক্ষা শুরু হলে সে তার ব্যাগে কলম খুঁজে পায় না। কলম না থাকায় স্যার তাকে বকুনি দেয়। এজন্য রহিমের মন খারাপ হয়। *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ পাব স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

৪৬. রহিমের উক্ত সমস্যাগুলো হওয়ার কারণ কী? (প্রয়োগ)

ক কাজের প্রতি অনীহা
খ নিজের কাজ নিজে না করা
গ পড়াশুনায় আগ্রহ না থাকা
ঘ সে খারাপ ছাত্র **খ**

৪৭. রহিমের সমস্যাগুলো সমাধানে — (উচ্চতর দক্ষতা)

i. তার মাকে সবকিছু গুছিয়ে দিতে হবে
ii. তাকে সবকিছু গোছাতে হবে
iii. তাকে নিজের কাজ নিজে করতে হবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **খ**

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৮ ও ৪৯ নং প্রশ্নের উত্তর দাও :**

অষ্টম শ্রেণির ছাত্রী নাজনীন তার মায়ের কাছে সেলাই কাজ শিখতে চাইলে মা তাকে একটি জামা তৈরির নিয়মকানুন বলে দেন। নাজনীন জামা তৈরি করতে গিয়ে ভুল করে ফেলে এবং বিরক্ত হয়ে ওঠে। তখন মা তাকে ধৈর্য্যসহকারে বার বার কাজটি করতে বলেন। নাজনীন মায়ের কথামতো কাজটি করে। *[রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল]*

http://teachingbd.com

৪৮. ধৈর্য নিয়ে কাজটি করার মাধ্যমে নাজনীনের মধ্যে কোন গুণের বিকাশ ঘটবে? (প্রয়োগ)
ক সৃজনশীলতা খ সহনশীলতা
গ বিনয় ঘ মননশীলতা **খ**

৪৯. এই গুণটি অর্জন করার ফলে নাজনীনের— (উচ্চতর দক্ষতা)
i. ব্যক্তিত্বের বিকাশে সহায়ক হবে
ii. কাজে সফলতা আসবে
iii. কর্মতৎপরতা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

★ পাঠ-৫, ৬,৭, ৮, ৯ ও ১০: প্রাত্যহিক জীবনে প্রয়োজনীয় পরিবারের অন্য সদস্যদের কাজগুলোর গুরুত্ব; প্রাত্যহিক জীবনে সম্পৃক্ত নয় এমন কাজ | Text পৃষ্ঠা-৪২-৪৮

৫০. কারা পরিবারের সব সদস্যের জন্য খাদ্যের ব্যবস্থা করেন? (জ্ঞান)
ক বাবা খ মা
গ ভাই-বোন ঘ পরিবারের সদস্যরা **ঘ**

৫১. পরিবারের কোন সদস্য তার কাজের মাধ্যমে আমাদের প্রাত্যহিক ভরণ-পোষণ করে থাকে? (জ্ঞান)
ক বাবা-মা খ চাচা-চাচি
গ দাদা-দাদি ঘ পরিবারের সব সদস্য **ঘ**

৫২. পরিবারের যারা লেখাপড়া করে তাদের জন্য পরিবারের অন্য সদস্যরা কি করে থাকে? (উচ্চতর দক্ষতা)
ক ভালো খাবারের ব্যবস্থা করে
খ তাদেরকে কোনো কাজ করতে দেয় না
গ পড়ালেখা নির্বিঘ্ন ও নিশ্চিত করতে খোঁজখবর নেয়
ঘ তাদেরকে সব ধরনের কাজ থেকে বিরত রাখে **গ**

৫৩. দৈনন্দিন জীবনকে সুন্দর করার জন্য পরিবারের সদস্যরা কি করে থাকে? ★ (অনুধাবন) *বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ পাব্ লিক স্কুল এন্ড কলেজ, ঢাকা*
ক খাবারের ব্যবস্থা
খ কাজ করে
গ কাপড়-চোপড়ের ব্যবস্থা
ঘ চিকিৎসার ব্যবস্থা **খ**

৫৪. পরিবারের কেউ হঠাৎ অসুস্থ হলে তার প্রাথমিক সেবা করেন কে? (জ্ঞান)
ক বাবা-মা খ পরিবারের সদস্যরা
গ দাদা-দাদি ঘ আত্মীয়স্বজন **খ**

৫৫. গৃহপালিত প্রাণী তথা গরু, মহিষ ও হাঁস-মুরগি থেকে আমরা কোন জাতীয় খাবার পেয়ে থাকি? (অনুধাবন)
ক আমিষ খ শর্করা
গ চর্বি ঘ ভিটামিন **ক**

৫৬. গরু, ছাগল, মহিষ ও হাঁস-মুরগির বিষ্ঠা থেকে কোন সার তৈরি করা হয়? (জ্ঞান)
ক ইউরিয়া খ পটাশ
গ জৈব ঘ রাসায়নিক **গ**

৫৭. কোনো কাজ করার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় কোনটি? (জ্ঞান)
ক অভিজ্ঞতা অর্জন খ উপায় ও কৌশল
গ আগ্রহ প্রকাশ ঘ সঠিক দিকনির্দেশনা **ঘ**

৫৮. যেকোনো কাজ সহজভাবে করার জন্য কাদের কাছ থেকে সঠিক দিকনির্দেশনা পাওয়া যায়? (জ্ঞান)
ক বন্ধু-বান্ধবদের খ আত্মীয়স্বজনদের
গ পরিবারের সদস্যদের ঘ বাবা-মার **গ**

৫৯. জীবনকে সুন্দরভাবে পরিচালনার জন্য মানুষের কাজগুলো কয় ধরনের হয়ে থাকে? (জ্ঞান)
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫ **ক**

৬০. প্রতিদিনই যে কাজ করা আবশ্যক তাকে কী বলে? (জ্ঞান)
ক প্রয়োজনীয় কাজ খ প্রাত্যহিক কাজ
গ সাপ্তাহিক কাজ ঘ বাৎসরিক কাজ **খ**

৬১. প্রাত্যহিক জীবনের সাথে সম্পৃক্ত নয় এমন কাজ কোনটি? (জ্ঞান)
ক ঘর গোছানো খ তরিতরকারি কেনা
গ খাবার রান্না করা ঘ বাড়ি রং করা **ঘ**

৬২. আমাদের নিজেদের কাজ অথচ অন্যেরা সম্পাদন করে এমন কাজ কোনটি? ★ (জ্ঞান) *শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়*
ক নখ কাটা খ গোসল করা
গ জেলেদের মাছ ধরা ঘ খাবার খাওয়া **গ**

৬৩. আমাদের প্রাত্যহিক জীবনের সাথে সম্পৃক্ত এমন কাজ কোনটি? (অনুধাবন)
ক খাবার তৈরি করা
খ চুল কাটা
গ ঘর মেরামত করা
ঘ ফসলের জমিতে পানি সেচ দেওয়া **ক**

৬৪. কাদের মেধা ও শ্রমের মাধ্যমে আমরা প্রতিদিনের আহারের জিনিসপত্র পেয়ে থাকি? (অনুধাবন)
ক বাবা-মার খ কৃষকের
গ সরকারের ঘ পরিবারের সদস্যদের **খ**

৬৫. দেশের সামগ্রিক উন্নয়ন বিচার করতে গেলে কোন বিষয়টি উঠে আসে? ★ (উচ্চতর দক্ষতা) *লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়*
ক কাঠামোগত উন্নয়ন
খ অবকাঠামোগত উন্নয়ন
গ সরকারের কার্যক্রম
ঘ রাষ্ট্রীয় উন্নয়ন **খ**

৬৬. অবকাঠামোগত উন্নয়নে বিশাল ভূমিকা পালন করে কারা? (অনুধাবন)
ক কৃষকেরা খ গ্রামবাসীরা
গ নির্মাণ শ্রমিকেরা ঘ সরকার **গ**

http://teachingbd.com

৬৭. সৌন্দর্যবোধের পরিচয় বহন করে কোন কাজটি? (অনুধাবন) (অনুশীলনী-২)
*[কুষ্টিয়া জিলা স্কুল; লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*
ক) বাড়িতে বিদ্যুত থাকা
খ) বাড়ি-ঘর পরিষ্কার রাখা
গ) বাড়ির কাজ অন্যকে দিয়ে করানো
ঘ) দামি দামি পোশাক পরা — খ

৬৮. মানুষকে সঠিক সময়ে গন্তব্যে নিরাপদে পৌছানোর ব্যবস্থা করেন কে? (জ্ঞান)
ক) পরিবহন সমিতি  খ) পরিবহনকর্মী
গ) ট্রাফিক পুলিশ  ঘ) রক্ষীবাহিনী — খ

৬৯. বিভিন্ন শস্য ও ফসল ফলিয়ে দেশের খাদ্য উৎপাদনে ভূমিকা রাখছে কারা? (অনুধাবন)
ক) শ্রমিকেরা  খ) জেলেরা
গ) কৃষিবিদরা  ঘ) কৃষকেরা — ঘ

৭০. মানুষ অসুস্থ হলে কোথায় চিকিৎসা নিতে যায়? (অনুধাবন)
ক) ডাক্তারের বাড়িতে
খ) নার্সদের কাছে
গ) হাসপাতালে
ঘ) সমাজসেবা প্রতিষ্ঠানে — গ

৭১. বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড থেকে মানুষকে নিরাপত্তা দেয়ার কাজটি কাদের? (জ্ঞান)
ক) সরকারের
খ) জনগণের
গ) সাধারণ মানুষের
ঘ) আইনশৃঙ্খলা বাহিনীর — ঘ

৭২. দেশকে বহিঃশত্রুর আক্রমণ থেকে রক্ষা করার জন্য কারা কাজ করে? (জ্ঞান)
ক) যুবক বাহিনী
খ) ব্যবসায়ীরা
গ) ছাত্র সমাজ
ঘ) সশস্ত্র বাহিনী ও সীমান্তরক্ষী বাহিনী — ঘ

৭৩. পরিবারের সবাইকে না খেয়ে থাকতে হত — (অনুধাবন)
i. যদি পরিবারের কেউ বাজার না করে
ii. যদি কেউ রান্না না করে
iii. যদি পরিবারের একজন লোক উপার্জন করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii — ক

৭৪. পরিবারের সদস্যদের কাজের মাধ্যমে — (অনুধাবন)
i. আত্মবিশ্বাস লাভ করা যায়
ii. আগ্রহ লাভ করা যায়
iii. উদ্দীপনা লাভ করা যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii — ঘ

৭৫. গৃহপালিত প্রাণী তথা গরু, মহিষ, ছাগল, হাঁস-মুরগি থেকে — (উচ্চতর দক্ষতা)
i. আমিষ জাতীয় খাবার পাই
ii. জৈব সার তৈরি হয়
iii. জ্বালানি হিসেবে বায়োগ্যাস পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii — গ

৭৬. সুস্থ ও সুন্দর জীবনযাপনের জন্য আমাদের যা করতে হবে— (প্রয়োগ)
i. ঘর ও আঙিনা পরিচ্ছন্ন রাখা
ii. আসবাব ও কাপড়-চোপড় পরিষ্কার করা
iii. নিয়মিত ব্যায়াম করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii — ঘ

৭৭. আমাদের দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করার ক্ষেত্রে যাদের ভূমিকা রয়েছে— (অনুধাবন)
i. কৃষক ও জেলেদের
ii. রাজা ও জমিদারদের
iii. রাখাল ও কৃষকদের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii — খ

৭৮. প্রাত্যহিক জীবনের কাজগুলো — (অনুধাবন)
i. প্রতিদিন করা আবশ্যক
ii. প্রতিদিন করার দরকার হয় না
iii. না করলে সমস্যা হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii — গ

৭৯. প্রাত্যহিক জীবনের সাথে সম্পৃক্ত নয় এমন কাজ — (অনুধাবন)
i. প্রতিদিন করার দরকার হয় না
ii. প্রতিদিন না করলে সমস্যা হয় না
iii. বছর বা ছয় মাসে করতে হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii — ঘ

৮০. প্রাত্যহিক জীবনে সম্পৃক্ত নয় এমন কাজের মধ্যে পড়ে — (অনুশীলনী-৩)(অনুধাবন) *[কুষ্টিয়া জিলা স্কুল]*
i. সড়ক উন্নয়ন, বন্দর নির্মাণ
ii. নিজের জন্য পুকুর খনন ও চাষাবাদ
iii. নিজের কাপড়-চোপড় ধোয়া ও গুছিয়ে রাখা
নিচের কোনটি সঠিক?
ক) i  খ) i ও ii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii — খ

৮১. প্রতিদিন করার প্রয়োজন হয় না — (অনুধাবন)
*[শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*
i. বাড়ি রং করা
ii. মল-মূত্রের ট্যাংক পরিচ্ছন্ন করা
iii. গোসল করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii — ক

Teachingbd.com

৮২. আমাদের জীবনের সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িত কিন্তু অন্যরা সম্পাদন করে এমন কাজ — (উচ্চতর দক্ষতা) *[কুষ্টিয়া জিলা স্কুল]*
i. জেলেদের মাছ ধরা
ii. তরিতরকারি কেনা
iii. গবাদিপশু পালন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৮৩. বিভিন্ন অবকাঠামো তৈরির মাধ্যমে দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখে — (অনুধাবন)
i. জনগণ
ii. প্রকৌশলীরা
iii. নির্মাণ শ্রমিকেরা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **খ**

৮৪. মানুষকে সঠিক সময়ে নিরাপদে গন্তব্যে পৌছানোর ব্যবস্থা করে — (অনুধাবন)
i. পরিবহন কর্মী
ii. পরিবহন সমিতি
iii. চালক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **গ**

৮৫. দেশকে বহিঃশত্রুর আক্রমণ থেকে রক্ষা করে — (অনুধাবন)
i. পুলিশ
ii. সশস্ত্রবাহিনী
iii. সীমান্তরক্ষী বাহিনী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **খ**

৮৬. মানুষকে সুষ্ঠু ও সুন্দর জীবনযাপনে সহায়তা করে— (অনুধাবন)
i. পরিচ্ছন্নকর্মীরা
ii. পোশাক কর্মীরা
iii. বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোনকর্মীরা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৮৭. মানুষের বিনোদনের জন্য অক্লান্ত পরিশ্রম করে — (উচ্চতর দক্ষতা)
i. পত্রিকার হকাররা
ii. অভিনেতা-অভিনেত্রীরা
iii. বেতার কর্মীরা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮৮ ও ৮৯ নং প্রশ্নের উত্তর দাও।**
নয়ন ও সুমা দুই ভাই-বোন। তাদের বাবা নেই। তাদের মা রোকেয়া বেগম কঠোর পরিশ্রম করে। তাদের লেখাপড়ার খরচ যোগান। একদিন নয়ন ও সুমা স্কুল থেকে বাসায় এসে দেখে তাদের মা ভীষণ অসুস্থ। তাই বাড়ির কোনো কাজই করা হয়নি।

৮৮. এই সময় নয়ন ও সুমার করণীয় কী? (উচ্চতর দক্ষতা)
ক বাড়ির কাজ করা
খ মাকে বাড়িতে সুস্থ করে তোলা
গ মাকে ডাক্তারের কাছে নিয়ে যাওয়া
ঘ প্রতিবেশীদের দ্বারা নিজেদের কাজ করিয়ে নেয়া **গ**

৮৯. রোকেয়া বেগম অসুস্থ হওয়ার কারণে — (উচ্চতর দক্ষতা)
i. বাজার করা হয়নি
ii. রান্না করা হয়নি
iii. বাড়িতে সব কিছু অগোছালো পড়ে আছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯০ ও ৯১ নং প্রশ্নের উত্তর দাও।**
রোকনদের বাসায় কয়েকজন পয়ঃনিষ্কাশন কর্মী এসেছে। মাঝে মাঝে এরা তাদের বাড়িতে আসে মল-মূত্রের ট্যাংক পরিষ্কার করতে। *[কুষ্টিয়া জিলা স্কুল]*

৯০. উক্ত কাজটি কত সময় পরপর করতে হয়? (প্রয়োগ)
ক কয়েক দিন খ কয়েক মাস
গ কয়েক বছর ঘ দুই বছর **খ**

৯১. উদ্দীপকের কাজটি — (উচ্চতর দক্ষতা)
i. প্রতিদিন না করলে সমস্যা হয় না
ii. প্রতিদিন করা আবশ্যক
iii. প্রতিদিন করার দরকার হয় না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **গ**

Teachingbd.com